



বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, শরীয়তপুর।
ফোন: ০৬০১-৬১৬৫১
E-mail- crmshariatpur@krishibank.org.bd

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শরীয়তপুর এর জানুয়ারী'২০২৩ হতে মার্চ'২০২৩ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খোন্দকার রফিকুল ইসলাম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময় : ২৯.০৩.২০২৩ইং, বিকাল : ৩:০০ ঘটিকা
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, শরীয়তপুর।
উপস্থিতি : সংশ্লিষ্ট সদস্যবৃন্দ

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ ও ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরনে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আরিফ উল ইসলাম জানুয়ারী'২০২৩ হতে মার্চ'২০২৩ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) বিকেবি, প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা আগামী ৩১.০৩.২০২৩ইং তারিখের মধ্যে প্রনয়ন পূর্বক ওয়েব সাইটে আপলোড করার নির্দেশ দেয়া হয়।
খ) ঋণ আদায়-বিতরনসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করন ও পরিপালন নিশ্চিতকরন।
গ) কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহন করতে হবে।
ঘ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহ পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী।

(খোন্দকার রফিকুল ইসলাম)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (দায়িত্বে)

ও

সভাপতি

সূত্র নং-মুআকা(শরীয়ত)/শুদ্ধাচার/ওপি-২২/২০২২-২৩/১৩৫৪

তারিখঃ ২৯.০৩.২০২৩ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিবাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, শরীয়তপুর।
- ৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, শরীয়তপুর মুখ্য অঞ্চল।
- ৫। নথি।